

বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা

অধ্যায়ঃ একাদশ

বিষয়বস্তুঃ ভাষা আন্দোলন ও পরবর্তী রাজনৈতিক ঘটনা প্রবাহ

আলোচনার বিষয়ঃ

- # ভাষা আন্দোলনের তাৎপর্য
- # শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের গুরুত্ব
- # রাজনৈতিক তৎপরতা
- # মুসলিম লীগ ও তার অগণতান্ত্রিক কর্মকান্ড
- # আওয়ামী লীগ গঠন



ভাষা আন্দোলনের তাৎপর্যঃ

- বাঙালী জাতীয়তাবাদের সূচনাঃ
- ভাষা আন্দোলন বাঙালির গণচেতনা ও স্বাধিকার আন্দোলনের এক বলিষ্ঠ ভূমিকা। ভাষার জন্য আন্দোলন এবং জীবনদানের মাধ্যমে তা প্রতিষ্ঠিত করা পৃথিবীর ইতিহাসে এক বিরল দৃষ্টান্ত। বিশ্বের আর কোনো দেশের মানুষের ভাষার জন্য সংগ্রাম ও রক্তদানের ইতিহাস নেই। তাই ভাষা আন্দোলন বাংলার জনগণের মধ্যে নতুন জাতীয় চেতনার উন্মেষ ঘটায় এবং বাঙালি জাতীয়তাবাদের ভিত্তি প্রতিষ্ঠিত করে। এ আন্দোলনই পর্যায়ক্রমে বাঙালি জাতিকে ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধ করেছিল। ভাষা আন্দোলনের মধ্য দিয়ে বাঙালি জাতি যে গণতান্ত্রিক আন্দোলনের সূত্রপাত করেছিল, তা পরবর্তী আন্দোলনগুলোর জন্য আশীর্বাদ বয়ে আনে। ১৯৫৪ সালের যুক্তফ্রন্টের ঐতিহাসিক বিজয়, ১৯৬২ সালের শিক্ষা আন্দোলন, ১৯৬৬ সালের ৬ দফা, ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান, ১৯৭০ সালের নির্বাচন এবং ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের জন্য বিশেষভাবে প্রেরণা জুগিয়েছে ১৯৫২ সালের ভাষা আন্দোলন। সুতরাং ভাষা আন্দোলনই পরবর্তীকালে সব রাজনৈতিক আন্দোলনের মাধ্যমে ধীরে ধীরে স্বাধীনতার পথকে সুপ্রশস্ত করেছে, এটি অস্বীকার করার সুযোগ নেই। তাই এ কথা বলার অপেক্ষা রাখে না যে, ভাষা আন্দোলনই বাঙালি জাতীয়তাবাদের মূলভিত্তি ও চেতনা এবং একাত্তরের মহান মুক্তিযুদ্ধের সফল অনুপ্রেরণা।

বিস্মিল্লাহির রাহমানির রাহিম

২১ শে ফেব্রুয়ারী

মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
অমর হৃদক



১৯৫২ সালের ২১ শে ফেব্রুয়ারী বাঙালি জাতি রক্তের বিনিময়ে মাতৃভাষার মর্যাদা রক্ষা করে তাই ১৯৯৯ সালের ১৭ ই নভেম্বর ইউনেস্কো ২১ শে ফেব্রুয়ারী কে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি প্রদান করে। ২০০০ সালের ২১ শে ফেব্রুয়ারী থেকে দিনটিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে পালন করে।

১৯৪৭ সালে বাংলার বিদ্যমান রাজনৈতিক ভাবাদর্শঃ

৩ টি রাজনৈতিক দল ছিল

ধর্মীয় আদর্শভিত্তিক
রাজনৈতিক ধারার
প্রতিনিধিত্বকারী মুসলিম লীগ

অসাম্প্রদায়িক
চেতনা ও গণতান্ত্রিক
ধারার দল জাতীয়
কংগ্রেস

বিপ্লবী সাম্যবাদী
ধারার কমিউনিস্ট
পার্টি

মুসলিম লীগ ও তার অগণতান্ত্রিক কর্মকান্ডঃ

□ নিখিল ভারত মুসলিম লীগ এর স্থানে পাকিস্তান মুসলিম লীগ নামকরন

□ দুইটি ধারা ছিল ১। সোহরাওয়ার্দী –হাশেমপন্থি (উদার, গণতান্ত্রিক, সংস্কারপন্থি)

২।খাজা নাজিমুদ্দীন- মওলানা আকরম খাঁপন্থি (রক্ষনশীল পশ্চিম পাকিস্তানিদের
আজ্ঞাবহ দোসর)

□ অন্তর্কোন্দল এ লিপ্ত হয়।

আওয়ামী মুসলিম লীগ থেকে আওয়ামিলীগঃ

- ❖ রোজ গার্ডেন এ সম্মেলন-১৯৪৯ সালের ২৩-২৪ জুন
- ❖ ৩০০ জন প্রতিনিধি অংশ নেয়
- ❖ ৪২ দফা কর্মসূচি গ্রহন
- ❖ ১৯৫৫সালে আওয়ামী মুসলিম লীগ থেকে মুসলিম শব্দ বাদ দেয়া হয়

মূল্যায়নঃ

কত সাল থেকে মুসলিম লীগের জন সমর্থন কমতে থাকে?

১.১৯৪৭

২.১৯৪৮

৩.১৯৪৯

৪.১৯৫০

বাড়ির কাজ

“১৯৫২ সালের ভাষা আন্দোলনের মধ্যদিয়ে বাংলাভাষা, বাংলা সাহিত্য, সংস্কৃতি নিয়ে গর্ব করার সাথে সাথে আত্মবিশ্বাস ফিরে পায় বাংগালিরা” উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করে আনবে।